

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
রাজনৈতিক-৪ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নম্বর: ৪৪.০০.০০০০.০৭৭.৩৯.০০১.২০১৫-৪২

তারিখ: ১৫ মার্চ ১৪৩০ বঙ্গাব্দ
২৯ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: অনলাইনে আগ্নেয়াস্ত্রের লাইসেন্স নবায়নের আবেদন সংক্রান্ত টেকনিক্যাল নির্দেশনা।

আগ্নেয়াস্ত্রের লাইসেন্স নবায়নকে অধিকতর জনবান্ধব ও স্মার্ট করার লক্ষ্যে আগামী ০১/০২/২০২৪ তারিখ হতে অনলাইনে আবেদন কার্যক্রম সম্পন্ন করা হবে। পূর্ণাঙ্গ ডিজিটাল পদ্ধতিতে লাইসেন্স নবায়ন করার জন্য আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারী নাগরিক/প্রতিষ্ঠানকে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

১. আবেদনকারীকে www.mhapsd.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে, ই-সেবা/e-service মেনুতে ক্লিক করত: ডিজিটাল আর্মস ম্যানেজমেন্ট সিস্টেম (ড্যামস) সাব মেনুতে প্রবেশ করতে হবে। অথবা arms.psd.gov.bd থেকে সরাসরি প্রবেশ করা যাবে। অত:পর অনলাইনে ডাটা এন্ট্রির সময় প্রদত্ত মোবাইল নাম্বার ব্যবহারের মাধ্যমে ওটিপি সংগ্রহ করে সিস্টেমে লগইন করতে হবে।

২. জন্ম তারিখ ও এনআইডি নাম্বার প্রদানের মাধ্যমে এনআইডি যাচাই করতে হবে।

৩. লাইসেন্সের গেজে প্রবেশ করে লাইসেন্স নবায়ন করুন বাটনে ক্লিক করতে হবে। প্রাধিকার সম্পন্ন লাইসেন্সধারীগণ প্রাধিকার বাটনের ড্রপ ডাউন থেকে তার সংশ্লিষ্ট প্রাধিকার নির্বাচন করবেন। প্রাধিকার নেই এমন লাইসেন্সধারীগণের প্রাধিকার বাটনে ক্লিক করার প্রয়োজন নাই। লাইসেন্স ইস্যুকারী জেলা ম্যাজিস্ট্রেট কার্যালয়ে আবেদনকারী লাইসেন্স নবায়ন করতে চাইলে অফিস নির্বাচনের প্রয়োজন নাই। অন্য কোন জেলা ম্যাজিস্ট্রেট হতে লাইসেন্স নবায়ন করতে চাইলে আবেদনকারীকে অফিস নির্বাচন করুন বাটনের ড্রপ ডাউনে প্রবেশ করে অফিস নির্বাচন করতে হবে।

৪. লাইসেন্স নবায়ন ফি প্রযোজ্য এমন লাইসেন্সধারী আবেদনকারী কর্তৃক ব্যাংকে জমাকৃত ফি/ভ্যাট/কর সংক্রান্ত তথ্য প্রদানপূর্বক চালানের স্ক্যান কপি সংযোজন করতে হবে।

৫. অত:পর সাবমিট করুন বাটনে ক্লিক করলে আবেদন সাবমিট হবে এবং আবেদনকারী তার মোবাইলে একটি মেসেজ প্রাপ্ত হবেন। জেলা প্রশাসকের কার্যালয় কর্তৃক আবেদনকারীর সাক্ষাৎকারের সময় ও স্থান নির্বাচন করা হলে আবেদনকারী মোবাইলে মেসেজ প্রাপ্ত হবেন। সাক্ষাৎের সময় আবেদনকারীকে প্রদর্শনের জন্য তার আগ্নেয়াস্ত্র সংশ্লিষ্ট আনতে হবে।

৬. সাক্ষাৎকার শেষে লাইসেন্স নবায়ন অনুমোদন হলে আবেদনকারীর মোবাইলে মেসেজ যাবে। নবায়ন কোন কারণে বাতিল/স্থগিত থাকলে তাও মেসেজের মাধ্যমে জানানো হবে।

৭. একাধিক আগ্নেয়াস্ত্রের লাইসেন্স আছে এমন আবেদনকারী তার প্রদত্ত মোবাইল নাম্বার দিয়েই একটি আইডিতে প্রবেশ করে একাধিক লাইসেন্স নবায়নের কাজ সম্পন্ন করতে পারবেন।

৮. ব্যাংক, শ্যুটিং ক্লাব অথবা অন্য কোন প্রতিষ্ঠানের নামে ইস্যুকৃত লাইসেন্স কর্তৃপক্ষ, ডাটা এন্ট্রির সময় প্রদত্ত ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির মোবাইল নাম্বার দিয়ে আইডিতে প্রবেশ ও নবায়ন প্রক্রিয়া সম্পন্ন করতে পারবেন।

৯. প্রোফাইল এর যে কোন তথ্য বা ছবি পরিবর্তনের জন্য প্রোফাইল মেন্যুতে ক্লিক করে প্রোফাইল পরিবর্তন বাটনে ক্লিক করতে হবে এবং তথ্য পরিবর্তনের পর সংরক্ষণ করতে হবে।

১০. প্রত্যেক লাইসেন্সধারী ব্যক্তি/প্রতিষ্ঠানের অনুকূলে ১টি স্মার্ট কার্ড সরবরাহ করা হবে, যা থেকে সংশ্লিষ্ট লাইসেন্স ও লাইসেন্স নবায়ন সংক্রান্ত তথ্যাদি যাচাই করা যাবে এবং উক্ত স্মার্ট কার্ড একমাত্র বৈধ কার্ড হিসেবে গণ্য হবে।

১১. আবেদন বিষয়ে টেকনিক্যাল সমস্যা/পরামর্শের প্রয়োজনে ০১৭৫১-৬৫৩৫৯২ নাম্বারে যোগাযোগ করা যাবে।

(ইসরাত জাহান)
উপসচিব

বিতরণ:

১. জেলা ম্যাজিস্ট্রেট----- (সকল জেলা)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।

২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

৩. সিনিয়র সচিব/সচিব----- মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।

৪. পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।

৫. বিভাগীয় কমিশনার----- (সকল বিভাগ)।

৬. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।